

- ৫। ‘তোমাকে অভিবাদন প্রিয়তমা’ কবিতায় কবি যে স্বদেশের কথা বলেন তা এক ধরনের ইউটোপিয়া—যুক্তিসহ মন্তব্যটি বিচার করো।

অথবা

- ৬। প্রকৃতি ও স্বদেশপ্রেম বাংলাদেশের কবিতার অন্যতম প্রসঙ্গ, পাঠ্য কবিতার নিরিখে বিষয়টি পর্যালোচনা করো।

- ৭। নির্মলেন্দু গুণের কবিতায় রোমান্টিক প্রেমভাবনার আধিক্য কি তার কবিতাকে দুর্বল করে তুলেছে? এই সম্পর্কে তোমার মতামত যুক্তিসহ আলোচনা করো।

অথবা

- ৮। নির্মলেন্দু গুণের মুক্তিযুদ্ধ পূর্ববর্তী ও মুক্তিযুদ্ধ পরবর্তী কবিতা ভাবনায় কি কোন স্বরান্তর লক্ষ করা যায়? এই সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো।

- ৯। স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের কবিতায় মুক্তিযুদ্ধের মূলচেতনার বিকেন্দ্রিকতার পাশাপাশি আত্মরতি ও নৈঃসঙ্গ্যপ্রিয়তা কেন অপরিহার্য হয়ে ওঠে? রংদ্র মুহম্মদ শহীদুল্লাহের কবিতা অবলম্বনে বিষয়টি আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা

- ১০। রংদ্র মুহম্মদ শহীদুল্লাহের কবিতা কেন এক অর্থে ‘রাজনৈতিক কবিতা’? এই সম্পর্কে তোমার মতামত দৃষ্টান্তসহ আলোচনা করো।

কলান্তরকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি. ৩.৫৭

বাংলাদেশের কবিতা

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের। $10 \times 3 = 30$

- ১। শামসুর রাহমানের কবিতায় স্বাধীনতার আকাঙ্ক্ষা ও ‘স্বদেশ’র স্বপ্নের যে কথা পাওয়া যায় ‘তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা’ কবিতা অবলম্বনে তার পরিচয় দাও।

অথবা

- ২। কবিতার বিষয় হিসাবে কবির চৌপাশের পৃথিবীর নানাবিধ উপাদান নিশ্চয়ই গুরুত্বপূর্ণ কিন্তু কবিতা সৃষ্টির রহস্য যখন কবিতার বিষয় ওঠে তখন কবিতা ভিন্ন মাত্রা পায়। ‘একটি কবিতার জন্য’ কবিতা অবলম্বনে মন্তব্যটি ব্যাখ্যা করো।

- ৩। আল মাহমুদ ভারতবর্ষকে যেভাবে দেখতে চান, তার প্রতিরূপ কি তুমি খুঁজে পাও ‘ভারতবর্ষ’ কবিতায়? নাকি সেই দেখার মধ্যে আছে বাংলাদেশের বাঙালি যেভাবে ভারতবর্ষকে দেখে তারই কোনো আদল—যুক্তিসহ তোমার মতামত জানাও।

অথবা

- ৪। ‘অবগাহনের শব্দ’ কবিতাটি কবি আল মাহমুদের কবিসন্তান পূর্ণতম প্রকাশ—তুমি কি এই মত সমর্থন করবে? কবিতার ভাববস্তু বিশ্লেষণ করে তোমার মতামত জানাও।